

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩০৫

৮. পবিত্ৰতা অর্জন (كِتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ তায়াম্মুমের ক্ষেত্রে দুইবার মাটিতে হাত মেরে পুরো হাত মাসেহ না করে মুখ মুভল ও হাতের কজি মাসেহের উপর ক্ষান্ত থাকার নির্দেশ

ذِكْرُ الْأُمْرِ بِالِاقْتِصَارِ فِي التَّيَمُّمِ بِالْكَفَّيْنِ مَعَ الْوَجْهِ دُونَ السَّاعِدَيْنِ بِالضَّرْبَتَيْنِ

আরবী

1305 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بِنُ زُرَيْعٍ قَالَ: حَدَّثَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةَ عَنْ عَزْرَةَ عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى عَنْ أَبْزَى عَنْ أَبْزَى عَنْ أَبِيهِ عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ قَالَ: سَأَلَت النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ التَّيَمُّمِ فَأَمَرَنِي بِالْوَجْهِ وَالْكَفَّيْنِ ضَرْبَةً وَاحِدَةً.

وَكَانَ قتادة به يفتي.

الراوي: عَمَّار بْن يَاسِرٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1305 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩০৫. আম্মার বিন ইয়াসির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করলাম তায়াম্মুম সম্পর্কে, অতঃপর তিনি আমাকে হাত মাটিতে একবার মেরে তা দ্বারা মুখ ও দুই হাতের কব্জি পর্যন্ত মাসেহ করার নির্দেশ দিলেন। আর কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহুও অনুরুপ ফাতাওয়া দিতেন।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৬৭; আবূ দাউদ: ৩২৭; তিরমিযী: ১৪৪; দারাকুতনী: ১/১৮২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৫৯; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১১২; সুনান বাইহাকী: ১/২১০; ইবনুল জারুদ, আল মুনতাকা: ১২৬।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (সহীহ আবূ দাউদ: ৩৫১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন